



মোঃ মাকরুজ্জামান
উপসচিব
মোংলা বন্দর কর্তৃপক্ষ
মোংলা, বাগেরহাট-৯৩৫১
মোবাইল নম্বর : ০১৭৪০-৬২৫৭৪০
ইমেইল : prompa6@gmail.com
ওয়েব সাইট : www.mpa.gov.bd
ফেইজবুক পেজঃ
মোংলা বন্দর সংবাদ “Mongla Port News”

প্রেস রিলিজ

মোংলা বন্দর শিল্প এলাকা ও বন্দর মহাসড়ক যানজট মুক্তকরণ।

মোংলা বন্দর শিল্প এলাকায় বেশ কিছুদিন ধরে সেনা কল্যাণ সিমেন্ট ফ্যাক্টরী থেকে ফাইভ রিংস সিমেন্ট ফ্যাক্টরী পর্যন্ত রাস্তার দুই পাশে পণ্য লোডিং-আনলোডিং এর জন্য ট্রাকের যানজট তৈরী হয়। ফলে সেখানে মাঝে মাঝেই তীব্র যানজট এর জন্য দুর্ঘটনা ঘটত। বন্দর কর্তৃপক্ষের প্রধান নিরাপত্তা কর্মকর্তা লেঃ কমান্ডার এম আব্দুল আলীম এবং পৌর মেয়র মোঃ জুলফিকার আলীর নেতৃত্বে এবং বিভিন্ন শিল্প প্রতিষ্ঠানের সহযোগিতায় পদক্ষেপ গ্রহণ করার ফলে বন্দর মহাসড়ক যানজট মুক্ত হয়।

ভবিষ্যতে এরূপ কোন যানজট যাতে বন্দর এলাকায় না হতে পারে সেজন্য বন্দরের নিরাপত্তা বিভাগ কর্তৃক দিগরাজ ট্রাক টার্মিনালে বন্দরের নিরাপত্তা কর্মী দ্বারা ট্রাক টার্মিনালের প্রবেশ পথ, বাহিরের পথ ও বন্দর মহাসড়কের দুই পাশে যাতে ট্রাক অবস্থান করতে না পারে সেজন্য বন্দর শিল্প এলাকায় নিরাপত্তা কর্মী দ্বারা সার্বক্ষণিক টহল প্রদান করা হচ্ছে। ভবিষ্যতে বন্দর মহাসড়ক যানজট মুক্ত রাখতে ইতোমধ্যে উপজেলা নির্বাহী কর্মকর্তাকে মোবাইল কোর্ট পরিচালনার জন্য অনুরোধ করা হয়েছে।

বন্দর চেয়ারম্যান কমডোর এ কে এম ফারুক হাসান, বিএন শিল্প প্রতিষ্ঠানসহ বন্দরের নিরাপত্তা বিভাগ ও পৌরসভা মেয়রকে যানজট মুক্তকরণের এই পদক্ষেপের প্রশংসা করে ধন্যবাদ জ্ঞাপন করেন এবং সবসময় যাতে বন্দরের রাস্তা যানজট মুক্ত রাখা যায়। সে বিষয়ে সংশ্লিষ্ট সকলের সহযোগিতার জন্য অনুরোধ জানিয়েছেন।

